গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর- ২৪.০১.০০০০.০০৯.০৬.০০৪.১৮- ২৮৮৩ তারিখ: ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি:

বিষয়: স্টিয়ারিং কমিটি'র সভার কার্যপত্র প্রেরণ।

সূত্র: বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ১৮ জুন ২০২৩ তারিখের ২৪.০০.০০০০.২০৭.০৬.০৩১.১৯.১৭৫ সংখ্যক পত্র।

পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ ( ১ম সংশোধিত ) শীর্ষক প্রকল্পের ১৪ সেপ্টেম্বর ২০২৩ ইং মাসে অনুষ্ঠিতব্য স্টিয়ারিং কমিটি'র সভার কার্যপত্র ১৫ (পনের) সেট মহোদয়ের পরবর্তী সদয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২/৯/২০২৩
ড. সেলিনা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন-০২-২২৩৩৮৩৮৪৬

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃ:আ: অতিরিক্ত সচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা- ১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্টিয়ারিং কমিটির সভার কার্যপত্র
সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

১। প্রকল্পের নাম : **উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প।**

২। উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা

| | | |
|---|---|---|
| (ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| (খ) বাস্তবায়নকারী সংস্থা | : | পাট অধিদপ্তর |
| ৩। প্রকল্প এলাকা | : | জেলা- ৪৫ টি, উপজেলা- ২২৮টি। |
| ৪। প্রাক্কলিত ব্যয় | : | ৩৭৩২০.০৯ লক্ষ টাকা। |
| ৫। বাস্তবায়ন কাল | : | জুলাই ২০১৮ হতে জুন ২০২৫। |
| ৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য | : | |

- জাতীয় চাহিদা মিটানোর জন্য উচ্চফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন ও কৃষক পর্যায়ে তা সম্প্রসারণ করা।
- প্রতি বছর ৪৫,০০০ জন পাটবীজ উৎপাদনকারী কৃষক এবং ৫,৮০,০০০ জন পাট আঁশ উৎপাদনকারী (পুরুষ ও মহিলা) কৃষকের মাধ্যমে ৮০০ মে. টন উফশী প্রত্যয়িত অথবা টিএলএস বীজ এবং ১২.০০-১৫.০০ লক্ষ বেল উন্নতমানের পাট আঁশ উৎপাদন ।
- প্রতিবছর কমপক্ষে ১০০-২০০ মে. টন টিএলএস বীজ ক্রয় করে প্রক্রিয়াজাত করণের মাধ্যমে নির্বাচিত কৃষকদের মাঝে বিতরণ ।
- প্রকল্পের মেয়াদকালে ২,৬১,৩৫০ জন কৃষককে পাট আঁশ উৎপাদন এবং ১,০০,৫০০ জন কৃষককে উফশী পাটবীজ উৎপাদন কলাকৌশলের উপর প্রশিক্ষণ দেয়া ।
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয়পূর্বক কৃষকদের উৎপাদিত ন্যূনতম ৫৫০ মে.টন টিএলএস বীজ ক্রয় করা।
- কৃষি প্রদর্শনী (মাঠ দিবস) মাধ্যমে ৭,৪২,৫৬০ জন চাষী সরাসরি উপকারের আওতায় আসবে।
- পাট পচনের জন্য চাহিদা অনুযায়ী কৃষি ভর্তুকির মাধ্যমে পাটচাষীর জমিতে অগভীর গর্ত খনন করে পানি সেচের মাধ্যমে প্রতি বছর ৫৪৭২ জন কৃষককে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।
- পাটের আঁশ ছাড়ানোর জন্য (রিবন রেটিং) প্রকল্পভুক্ত উপজেলায় পরীক্ষামূলকভাবে পাওয়ার রিবনার পাটচাষীদের মধ্যে বিতরণ।
- মাটির উর্বরতা এবং পরিবেশ বান্ধব চাষাবাদ বৃদ্ধি ।

৭। প্রকল্পের ফলাফল:

- উন্নত কলাকৌশল অবলম্বন করে কৃষকের অধিক পরিমান গুণগত মানসম্পন্ন পাটআঁশ ও পাটবীজ উৎপাদন।
- কৃষক কর্তৃক উৎপাদিত গুনগত ও মানসম্পন্ন বীজ ন্যায্য মূল্যে প্রকল্পের নিকট বিক্রি।
- কৃষক কর্তৃক উন্নত কলাকৌশল গ্রহণের মাধ্যমে পাট উৎপাদন এলাকা বৃদ্ধি।
- প্রশিক্ষিত পাটচাষী কর্তৃক উচ্চফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন এবং উন্নত পাট পচন পদ্ধতির উপর কর্মকান্ড পরিচালনা।

৬। আলোচ্য বিষয়ঃ

(ক) গত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্তঃ গত ০৮ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র.নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৬.১ | ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পাটচাষী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে; | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকবে। |
| ৬.২ | স্বচ্ছতার ভিত্তিতে পাটচাষীদের মাঝে প্রণোদনা হিসেবে পাটবীজ, রাসায়নিক সার (ইউরিয়া, টিএসপি ও পটাশ) ও কীটনাশক বিতরণ করতে হবে। | ২০২৩-২৪ অর্থবছরে ১৭ টি জেলার ৫০ টি উপজেলায় ১৮৭১ মে:টন প্রত্যয়িত পাটবীজ কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। পাটবীজ উৎপাদনকারী চাষীদের প্রণোদনা হিসেবে চাষী প্রতি ১০ শতাংশ জমির জন্য ইউরিয়া ৪.৪ কেজি, টিএসপি ৩ কেজি এবং এমওপি ০.৮ কেজি এবং জিপসাম ৪ কেজি হারে সর্বমোট ১২.২০ কেজি হিসাবে রাসায়নিক সার ৭৪৮৪ জন পাটবীজ উৎপাদন চাষীর মাঝে বিতরণের ব্যবস্থা করা হয়েছে। |
| ৬.৩ | প্রকল্পের উদ্দেশ্যে ও লক্ষমাত্রার অনুযায়ী কাঙ্খিত ফলাফল অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে সমন্বয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্পের উদ্দেশ্যে ও লক্ষমাত্রার অনুযায়ী কাঙ্খিত ফলাফল অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে সমন্বয় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত প্রকল্প পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকগণ নিয়মিত মাঠ পরিদর্শন করছেন। প্রয়োজনীয় নির্দেশনা দিচ্ছেন। |
| ৬.৪ | চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় করতে হবে। | নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হবে। |

**(খ) আগস্ট, ২০২৩ পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি;**

প্রকল্পের ২০২৩-২৪ অর্থ বছরে আগস্ট, ২০২৩ মাস পর্যন্ত অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন এবং প্রকল্প শুরু থেকে আগস্ট,২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয়ঃ (কপি সংযুক্ত-১)।

(১)

| চলতি (২০২৩-২৪) অর্থ বছরের এডিপি বরাদ্দ | আগস্ট, ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন | | |
|---|---|---|---|
| ৫৫.০০ কোটি টাকা | মোট ব্যয় | আর্থিক (%) | বাস্তব (%) |
| | ২.২১৭৯ কোটি টাকা | ১৬.৪৪% | ৮% |

(২) ক্রমপুঞ্জিত অগ্রগতি: (১) আর্থিক – ১৬৫.১৫৩০ কোটি টাকা (৪৪.২৫%)
(২) বাস্তব – ৫৩.০০%

**(গ) প্রকল্পের আওতায় চলমান কাজের সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন:**

(১) **পাট ও পাটবীজ উৎপাদনকারী চাষী নির্বাচন**:

পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতাভুক্ত ৪৫টি জেলার - ২২৮টি উপজেলায় পাট ও পাটবীজ উৎপাদনকারী চাষীর তালিকা হালনাগাদ করে বীজ বিতরণ করা হয়েছে। আগামী ২০২৩-২৪ অর্থবছরে নতুন উপজেলা হিসেবে ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর উপজেলার চাষীদের অন্তর্ভুক্ত করা হবে।

**(২) রাসায়নিক সার:**

প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ৫০টি উপজেলাায় পাটবীজ উৎপাদনের জন্য রাসায়নিক সার (ইউরিয়া, টিএসপি ও পটাশ) এবং কীটনাশক ক্রয়ের জন্য প্রকল্পভুক্ত ৫০ টি উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়েছে।

**(৩) চলতি (২০২৩-২৪) অর্থ বছরের এডিপি বরাদ্দ এবং আগস্ট ২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

প্রকল্প বাস্তবায়নে ২০২৩-২৪ অর্থ বছরের ব্যয় নির্বাহের জন্য ৫৩.৯৫৫০ কোটি টাকার বাজেট অনুমোদন করা হয়। আগস্ট ২০২৩ পর্যন্ত ২.২১৭৯ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

**পাটবীজ মৌসুম:**

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নাবী পাটবীজ উৎপাদন মৌসুমে ১৭টি জেলার ৫০টি উপজেলায় ১,৮৭১ কেজি (১.৮৭১ মে.টন) প্রত্যায়িত ও মানঘোষিত বীজ বিতরণ করা হয়েছে এবং প্রণোদনা হিসেবে রাসায়নিক সার ক্রয় বাবদ ২০,৯৫,৫২০/- টাকা ও কীটনাশক ক্রয় বাবদ ৩,৭৫,০০০/- টাকা মাঠ পর্যায়ে বরাদ্দ দেয়া হয়েছে।

(দীপক কুমার সরকার)
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-২২৩৩৮১৫৩৭

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্প
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৯৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিষয়: ফরিদপুর জেলার সদর, নগরকান্দা ও সালথা উপজেলায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও পাট পচন পদ্ধতি পরিদর্শন প্রতিবেদন।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় ২৫ জুলাই ২০২৩ ফরিদপুর জেলার সদর উপজেলা এবং সালথা উপজেলায় অফিস পরিদর্শন এবং উপস্থিত পাটচাষীদের সাথে মতবিনিময় করি। ফরিদপুর জেলার সদর উপজেলার কৈজুরী ইউনিয়ন পরিষদ সংলগ্ন মো: কাইয়ুম উদ্দিন শেখ ও মহিম উদ্দিন শেখ এর পাট পচন পদ্ধতি পরিদর্শন করি। এরপর, নগরকান্দা উপজেলার ডাংগী ইউনিয়নের বিল গোবিন্দপুর গ্রামের রাশেদ মোল্লার পাট পচন প্রদর্শনী পরিদর্শন শেষে পাট চাষীদের বিভিন্ন পরামর্শ দেই। এরপর পার্শ্ববর্তী সালথা উপজেলার রামকান্তপুর ইউনিয়নের বাগবাড়ী গ্রামের হাফিজুর রহমানের এবং হাবিলী রামকান্তপুর গ্রামে মো: মুক্তার হোসেনের পাটপচন প্রদর্শনি পরিদর্শন করি। সালথা উপজেলায় পাটপচনে কৃষি ভতুর্কির আওতায় পরিচালিত স্কীম সমূহ পরিদর্শনকালে উপজেলা নির্বাহি অফিসার উপস্থিত ছিলেন। অন্যান্য পাটচাষীগণের সাথে মতবিনিময়কালে আঁশ পঁচানোর জন্য মাঝে মাঝে পর্যাপ্ত পানি পাওয়া যায় না মর্মে জানান। মতবিনিময়কালে এ তিনটি উপজেলায় উন্নত মানের তোষা পাট উৎপাদনের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান সহ পাট পচনের জন্য পর্যাপ্ত পানির আধার তৈরি করার জন্য কৃষকগণ মত প্রকাশ করেন। উক্ত জেলা ও উপজেলায় সংশ্লিষ্ট পাট উন্নয়ন কর্মকর্তা এবং উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে সঠিক সময়ে কৃষকদের মাঝে পাটবীজ ও রাসায়নিক সার বিতরণের জন্য নির্দেশ দেয় হয়। তাছাড়া কৃষক প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হয়। অফিসসমূহের বিভিন্ন রেজিষ্ট্রারসমূহ পরীক্ষা করা হয়। অফিসের মুভমেন্ট রেজিষ্ট্রার যথাযথভাবে ব্যবহারের জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়।

সার্বিকভাবে ফরিদপুর জেলার সদর, নগরকান্দা এবং সালথা উপজেলার প্রকল্প অফিস পরিদর্শন ও চাষীদের সাথে মতবিনিময় করে প্রকল্প কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতিয়মান হয়েছে।

২৭.০৭.২০২৩

দীপক কুমার সরকার
(অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-২২৩৩৮১৫৩৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.motj.gov.bd

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.২০৭.০৬.০৩১.১৯.২৫০

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভা ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫-৯-২০২৩
আছিয়া খাতুন
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩) সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪) সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬) মহাপরিচালক, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা
৭) প্রকল্প পরিচালক, "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, পাট অধিদপ্তর, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা
৮) যুগ্মসচিব (পরিকল্পনা), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯) সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা

বিষয়: পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুর রউফ<br>সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৪ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মসচিব (পরিকল্পনা) সভার আলোচ্যসূচির বিভিন্ন বিষয় উপস্থাপন করেন।

২.০। পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৭৩২০.০৯ লক্ষ (তিনশত তিয়াত্তর কোটি বিশ লক্ষ নয় হাজার) টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত। প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে ৫৪০০.০০ লক্ষ (চুয়ান্ন কোটি) টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থের মধ্যে আগস্ট ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ২২১.৭৯ লক্ষ (দুই কোটি একুশ লক্ষ উনআশি হাজার) টাকা। প্রকল্পের শুরু থেকে আগস্ট ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত আর্থিক ব্যয় ১৬৫১৫.৩০ লক্ষ (একশত পঁয়ষট্টি কোটি পনের লক্ষ ত্রিশ হাজার) টাকা এবং ক্রমপুঞ্জিভূত আর্থিক অগ্রগতির হার ৪৪.২৫%।

৩.০। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব দীপক কুমার সরকার জানান যে, প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৬ মে ২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পের আওতাভুক্ত ৪৫টি জেলার ২২৮টি উপজেলায় পাট ও পাটবীজ উৎপাদনকারী চাষীর তালিকা হালনাগাদ করা হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে ৩৭৫০ জন পাটবীজ উৎপাদনকারী চাষী প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে এবং ইতোমধ্যে ২৮৫০ জন পাটবীজ উৎপাদনকারী চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০,৭৫০ জন পাট উৎপাদনকারী চাষী প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। পাট উৎপাদনকারী চাষী প্রশিক্ষণ অক্টোবর ২০২৩ হতে শুরু করা হবে। পাটচাষীর জমিতে ৯২টি (ফরিদপুর-৭২টি, ঝিনাইদহ-১২টি, রাজশাহী-৪টি ও চাঁপাইনবাবগঞ্জ-৪টি) অগভীর গর্ত খনন করে পাট পঁচনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে। পাটবীজ উৎপাদন মৌসুমে ১৭টি জেলার ৫০টি উপজেলায় ১.৮৭ মেট্রিক টন প্রত্যায়িত ও মানঘোষিত বীজ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ বিতরণের লক্ষ্যমাত্রা ৯.০০ মেট্রিক টন থাকলেও পাটবীজ সরবরাহকারী একমাত্র প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ সরবরাহ করতে না পারায় বিতরণ কম হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে বিএডিসি থেকে ৫০০ মেট্রিক টন বীজ ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে এবং ফেব্রুয়ারি ২০২৪ মাসে বীজ ক্রয় করা হবে। কৃষকদের প্রণোদনা হিসেবে ৬৯৮৪ মেট্রিক টন রাসায়নিক সার বিতরণের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে পাটবীজ উৎপাদনকারী চাষীদের প্রণোদনা হিসেবে চাষী প্রতি ১০ শতাংশ জমির জন্য ইউরিয়া ৪.৪ কেজি, টিএসপি ৩ কেজি এবং এমওপি ০.৮ কেজি এবং জিপসাম ৪ কেজি হারে মোট ১২.২০ কেজি হিসেবে ৭৪৮৪ জন পাটবীজ উৎপাদনকারী চাষীর মাঝে ৯১.৩০ মেট্রিক টন রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। এছাড়াও চলতি ২০২৩-২৪ অর্থবছরে ৩০০টি কৃষি প্রদর্শনী (মাঠ দিবস) আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ৫০টি কৃষি প্রদর্শনী (মাঠ দিবস) আয়োজন করা হয়েছে।

৫.০। সভাপতি প্রকল্পের আওতায় পাটচাষীদের মাঝে প্রণোদনা হিসেবে পাটবীজ, রাসায়নিক সার ও কীটনাশক যথাসময়ে বিতরণ এবং ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

৬.০। <u>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

৬.১ প্রকল্পের আওতায় পাটচাষীদের মাঝে প্রণোদনা হিসেবে পাটবীজ, রাসায়নিক সার ও কীটনাশক যথাসময়ে বিতরণ করতে হবে;

৬.২ ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে;

৬.৩ ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী পাটবীজ উৎপাদনকারী চাষী এবং পাট উৎপাদকারী চাষী প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

৬.৪ প্রশিক্ষণের সময়সূচি মন্ত্রণালয়ের প্রেরণ করতে হবে;

৬.৫ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অনুযায়ী কাঙ্খিত ফলাফল অর্জনের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে সমন্বয় রাখতে হবে এবং মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।

অত:পর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৭/২০২৩

(মোঃ আব্দুর রউফ)
সচিব